

কারিগরি শিক্ষা

তারিখ - 27 JUL 2019
পৃষ্ঠা ৩৫

কারিগরি শিক্ষায় ১৩৬ কোটি টাকার প্রকল্প গ্রহণ

যাযাদি রিপোর্ট

দেশের জনশক্তিকে দক্ষ করে গড়ে তুলতে কারিগরি শিক্ষায় ১৩৬ কোটি টাকা ব্যয়ে একটি প্রকল্প হাতে নিয়েছে সরকার। গতকাল স্থানীয় এক হোটেলে বাংলাদেশ কারিগরি ও বৃত্তিমূলক, শিক্ষা ও প্রশিক্ষণ সংস্কার প্রকল্প (টিভিইটি) উদ্বোধন করেন শিক্ষা সচিব প্রফেসর ড. মোমতাজুল ইসলাম।

২০০৭-২০১২ সাল পর্যন্ত পাঁচ বছর মেয়াদি টিভিইটি প্রকল্পের অর্থ দিচ্ছে ইউরোপীয় ইউনিয়ন। বাংলাদেশ সরকারের সহায়তায় এ প্রকল্প বাস্তবায়ন করবে আন্তর্জাতিক শ্রম

সংস্থা (আইএলও)।

প্রকল্পটির উদ্বোধনকালে শিক্ষা সচিব মোমতাজুল ইসলাম বলেন, দেশের দারিদ্র্য বিমোচনে এবং দেশের সার্বিক উন্নয়নে দক্ষ জনশক্তি গড়ে তুলতে কারিগরি শিক্ষা বড় ভূমিকা রাখবে। এ প্রকল্প গ্রহণে কারিগরি শিক্ষার মান আরো বাড়বে বলে আশা প্রকাশ করেন তিনি। তিনি বলেন, শ্রমবাজারের সঙ্গে কারিগরি শিক্ষার গভীর যোগসূত্র রয়েছে। দক্ষ শ্রমবাজার তৈরি করতে কারিগরি শিক্ষার বিকল্প নেই বলে মন্তব্য করেন তিনি।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রবাসী

পৃষ্ঠা ৩৫

কারিগরি শিক্ষায়

(শেষ পৃষ্ঠার পর)

কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব আবদুল মতিন চৌধুরী বলেন, আমাদের দেশের বিশাল জনগোষ্ঠী বিদেশে কাজ করছে। কিন্তু তাদের মধ্যে দক্ষ জনশক্তির পরিমাণ খুব বেশি নয়। দক্ষ জনশক্তি গড়ে তুলতে এ প্রকল্প গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব ড. মাহফুজুল হক, আইএলওর ঢাকা কার্যালয়ের পরিচালক পানুবা বুনপালা, ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধি ত্রায়ান ফরে, কারিগরি শিক্ষা অধিদপ্তরের পরিচালক আবুল বাশার প্রমুখ। টিভিইটি প্রকল্পের আওতায় কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ সংক্রান্ত নীতিমালা তৈরি, ব্যবস্থা ও ব্যবস্থাপনা উন্নয়ন, শিক্ষা ও প্রশিক্ষণের মানোন্নয়ন করা হবে। এর আওতায় শিক্ষকদের প্রশিক্ষণ দেয়া, কর্মক্ষেত্রে দক্ষতা উন্নয়ন এবং কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণে কম সুবিধাপ্রাপ্তদের প্রবেশাধিকার বাড়ানো হবে।